নুসরাত ও যশের যে ছবি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে এবারও তৃণমূলের প্রার্থী হয়েছেন জনপ্রিয় অভিনেত্রী নুসরাত জাহান। আর বিজেপির হয়ে লড়ছেন অভিনেতা যশ দাশগুপ্ত। তবে দুদলের মধ্যে যতই রেষারেষি থাকুক না কেন, তার কিন্তু একে অপরের ভাল বন্ধু।

শুধু তাই নয়, তাদের বিশেষ সম্পর্ক নিয়েও এখনও টলিপাড়ায় তীব্র গুঞ্জন।

সম্প্রতি নুসরাত ও যশের নির্বাচনি প্রচারণার ছবি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে।

যশ-নুসরতের ফ্যান পেজ থেকে শেয়ার হয়েছে এ ছবি। সঙ্গে মানানসই ক্যাপশন, ‘দিদিমা, ঠাকুমার ভালোবাসায় উদ্ভাসিত যশ-নুসরত’!

ছবিতে তারা আশ্বস্ত করছেন প্রবীণ নাগরিকদের। আগের প্রজন্মের থেকে ভোট যুদ্ধে জেতার আশীর্বাদ নিচ্ছে এ প্রজন্ম। দুই তারকাই আদর, ভালোবাসা থেকে বঞ্চিত হননি।

ছবি দেখে আহ্লাদে আটখানা অনুরাগীর দল। যশ বিরোধী শিবিরে যোগ দেওয়ার পরেই রাতের ঘুম উড়েছিল তাদের। রাজনৈতিক মতবিরোধ কি ছায়া ফেলবে তাদের বিশেষ বন্ধুত্বে? দুশ্চিন্তায় কাঁটা হয়ে ছিলেন তারা।

আপাতত দুই পক্ষের মুখেই চওড়া হাসি। রং বদলালেও এখনও মন বদলাননি দুই তারকা।

দুই বছর আগে নিখিল জৈনের সঙ্গে প্রেমের সম্পর্ক থেকে বিয়েতে জড়ান টালিউডের জনপ্রিয় নায়িকা ও সংসদ সদস্য নুসরাত জাহান। কিন্তু বিয়ের এক বছর পরই আচমকাই ছন্দপতন রূপকথার প্রেমকাহিনিতে। নিখিল-নুসরতের দাম্পত্য সম্পর্কের চিড় এখন টলিগঞ্জের ওপেন সিক্রেট। সঙ্গে যশ দাশগুপ্তর সঙ্গে নুসরতের ঘনিষ্ঠতাও নজর কাড়ছে সবার।

ইমরান খানের পর ফার্স্টলেডিও করোনা আক্রান্ত

টিকা নেওয়ার মাত্র দুদিন পর করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান।

দেশটির ফার্স্টলেডি হিসেবে পরিচিত তার স্ত্রী বুশরা মানেকাও আক্রান্ত হয়েছেন একই ভাইরাসে। ইমরান খানের পররাষ্ট্রবিষয়ক বিশেষ সহকারী জুলফিকার বুখারি এক টুইটবার্তায় এ তথ্য নিশ্চিত করেছেন।

টুইটবার্তায় বুখারি লিখেছেন, আমাদের ফার্স্টলেডি করোনায় আক্রান্ত হয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রী ও ফার্স্টলেডির দ্রুত সুস্থতা কামনা করছি। আল্লাহ তাদের আরোগ্য দান করুন।

এর আগে শনিবার ইমরান খানের স্বাস্থ্যবিষয়ক জাতীয় উপদেষ্টা ফয়সাল সুলতান এক টুইটে ইমরান খান করোনা আক্রান্ত হওয়ার খবর জানান।

এক প্রতিবেদনে ডন জানিয়েছে, একই দিন আক্রান্ত হয়েছেন ইমরান খান ও বুশরা বিবি। বর্তমানে তারা বাড়িতে সেলফ আইসোলেশনে আছেন।

গত বৃহস্পতিবার টিকা নিয়েছিলেন ইমরান। এর আগের দিন টিকা নেন দেশটির প্রেসিডেন্ট আরিফ আলভী। তবে তারা কোন ব্র্যান্ডের টিকা নিয়েছেন এ ব্যাপারে কিছু জানানো হয়নি।

শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে টুইটারে যা লিখলেন শ্রীলংকার প্রধানমন্ত্রী

শ্রীলংকার প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসে সাভারের জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

শুক্রবার সকাল ১১টার দিকে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে তিনি সাভারের জাতীয় স্মৃতিসৌধে এসে পৌঁছলে তাকে স্বাগত জানান মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহম্মেদ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান।

পরে তিনি জাতীয় স্মৃতিসৌধের বেদীতে পুষ্পার্ঘ অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় তিন বাহিনীর একটি সুসজ্জিত চৌকস দল গার্ড অব অনার প্রদান করে এবং বিউগলে বেজে উঠে করুণ সুর।

পরে শ্রীলংকার প্রধানমন্ত্রী স্মৃতিসৌধ প্রাঙ্গণে একটি পরিজাত ফুলের চারা রোপণ করেন এবং পরিদর্শক বইতে স্বাক্ষর করেন। পরিদর্শক বইতে তিনি লেখেন, প্রকৃতপক্ষে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে মূল্যবান জীবন উৎসর্গকারীদের স্মরণে এই জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন আমার একটি চলমান অভিজ্ঞতা। তাদের জন্য, যারা একটি মুক্ত, স্বাধীন ও গর্বিত বাংলাদেশ জন্য বঙ্গবন্ধুর প্রত্যয়কে স্বীকৃতি দিয়ে স্বাধীনতার স্বপ্নকে লালন করে তাদের বর্তমানকে সব বাঙালির আগামীর জন্য উৎসর্গ করেছেন।

এবার মিষ্টির বাজারেও ‘খেলা হবে’

এবারের বিধানসভা নির্বাচনে পশ্চিমবঙ্গের সবচেয়ে হিট স্লোগান তৃণমূলের ‘খেলা হবে’। তারপরেই বিজেপির ‘জয় শ্রীরাম’। গানে গানে, রিংটোনে সবখানেই এখন এই দুই স্লোগান।

রাজনীতির চৌকাঠ পেরিয়ে সোজা ঢুকে পড়েছে মিষ্টির বাজারেও। ভোটের বাজারের এই পাল্টাপাল্টি স্লোগানকে পুঁজি করেই রমরমা ব্যবসা করছেন পশ্চিমবঙ্গের মিষ্টি ব্যবসায়ীরা।

কলকাতা, বর্ধমান, হুগলি, চব্বিশ পরগনা, উত্তরবঙ্গের মহর গ্রামের সব দোকানেই এখন ‘খেলা হবে’-‘জয় শ্রীরাম’ মিষ্টি-সন্দেশের সয়লাব। খবর নিউজি এইটিনের।

কলকাতার প্রসিদ্ধ মিষ্টির দোকান বলরাম মল্লিক ও রাধারমণ মল্লিকের শোকেসে এবার সেজেছে ‘খেলা হবে’-‘জয় শ্রীরাম’ সন্দেশে। রাজনীতির মাঠে পরস্পর প্রতিপক্ষ হলেও শোকেসে তারা পাশাপাশি। সাদা-সবুজ মেজাজে ‘খেলা হবে’ সন্দেশ।

আর ‘জয় শ্রীরাম’ মিষ্টির চেহারা সাদা-কমলা। এখানেই শেষ নয়, ভোট উৎসবের কথা মাথায় রেখে বানানো হয়েছে সব দলের প্রতীকের সাজে সাজানো মিষ্টি। সেগুলো মূলত সন্দেশ। সরাসরি রাজনীতির গন্ধ লাগা

এই সন্দেশের কোনোটিতে থাকছে মমতা ব্যানার্জির মুখ। কোনোটিতে হাসিমুখে হাজির হচ্ছেন নরেন্দ্র মোদি।

হুগলির বিখ্যাত ফেলু মোদকে ইতিমধ্যেই সুপার হিট ‘খেলা হবে’ সন্দেশ। সেখানে চকলেট, স্ট্রবেরি ও ম্যাংগো স্বাদের সঙ্গে মিলেছে সাদা নরম সন্দেশ। একএকটির দাম ৪০ থেকে ১০০ টাকা। চাহিদাও অনেক। লাইন দরে কিনছেন খদ্দেররা।

এখানকার কর্ণধার অমিতাভ দে’র কথায়, আমরা দারুণ সাড়া পাচ্ছি এই সন্দেশে। খেলা হবে কথাটি এখন পুরোদস্তুর রাজনৈতিক। তাতে মেশানো আছে উচ্ছ্বাস, মজা। নতুন প্রজন্ম তাই এই সন্দেশে মজেছে।

ক্যান্সার আক্রান্ত মায়ের চিকিৎসায় খেলার অনুমতি পাচ্ছেন শাহাদাত

ক্যান্সার আক্রান্ত মায়ের চিকিৎসায় অনেক টাকা প্রয়োজন জাতীয় দলে ‘সাবেক’ হয়ে যাওয়া তারকা পেসার শাহাদাত হোসেনের। মায়ের চিকিৎসার জন্য টাকা জোগাড় করতে ক্রিকেটে ফেরার আর্জি করেছিলেন শাহাদাত।

মানবিক দিক বিবেচনা করে জাতীয় দলের এ তারকা ক্রিকেটারকে সব ধরনের নিষেধাজ্ঞা থেকে মুক্তি দিতে যাচ্ছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

এ ব্যাপারে বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের চেয়ারম্যান আকরাম খান সোমবার বলেছেন, গত বছর জাতীয় লিগ চলার সময় শাহাদা শৃঙ্খলা ভঙ্গ করেছিল। ক্রিকেট বোর্ড ওকে পাঁচ বছরের জন্য নিষিদ্ধ করে। কিছুদিন আগে ও আমাকে ফোন করেছে। চিঠিও দিয়েছে। নিজের সমস্যার কথা জানিয়েছে। তার মায়ের ক্যান্সার। সে ক্রিকেট খেলতে পারছে না। তার বিষয়টি বিবেচনা করে আমি কয়েকজন পরিচালকের সঙ্গে কথা বলেছি। সবাই ইতিবাচক সাড়া দিয়েছেন। আমরা শৃঙ্খলা কমিটির চেয়ারম্যানকে অনুরোধ করেছি। আশা করছি ইতিবাচক কিছুই হবে। শাহাদাত যেন এবারের এনসিএল থেকে পুরো ঘরোয়া ক্রিকেট খেলতে পারে সেই আশা করছি।

গত জাতীয় ক্রিকেট লিগের (এনসিএল) ম্যাচ চলাকালীন সতীর্থ আরাফাত জুনিয়রের গায়ে হাত তুলে সব ধরনের ক্রিকেট থেকে পাঁচ বছরের জন্য নিষিদ্ধ হন শাহাদাত। সেই সঙ্গে তাকে নগদ তিন লাখ টাকা জরিমানা গুনতে হয়।

হঠাৎ বিস্ফোরণে উড়ে গেল দরজা, একই পরিবারের দগ্ধ ৫

নারায়ণগঞ্জের ফতুল্লায় ছয়তলা একটি ভবনে গ্যাসের লিকেজ থেকে বিস্ফোরণে শিশুসহ একই পরিবারের পাঁচজন দগ্ধ হয়েছেন।

সোমবার রাত সাড়ে ১২টার দিকে ফতুল্লার এনায়েতনগর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের পশ্চিম মাসদাইর শেরেবাংলা লিংক রোডের ছায়াবীথি আবাসিক এলাকার সৌদি প্রবাসী আকবরের বাড়িতে এ ঘটনা ঘটে। বাড়িটি আকবরের স্ত্রী নাসরিন আক্তারের নামে।

দগ্ধরা হলেন- গার্মেন্ট শ্রমিক মিশাল (২৬), তার স্ত্রী মিতা (২৩), তাদের দেড় বছর বয়সের শিশুসন্তান মিনহাজ এবং মিশালের দুই শ্যালক হোসিয়ারি শ্রমিক মাহফুজ ও সজীব। তাদের আশঙ্কাজনক অবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে ভর্তি করা হয়েছে।

জানা যায়, হঠাৎ ভয়াবহ এ বিস্ফোরণে ছয় তলার দুটি ও পঞ্চম তলার একটি ফ্ল্যাটের দরজা ভেঙে টুকরো হয়ে উড়ে যায়। জানালার গ্রিল

ভেঙে বাঁকা হয়ে গেছে, থাইগ্লাসগুলো চূর্ণ হয়ে মাটিতে পড়ে গেছে।

ফায়ার সার্ভিসের ধারণা, গ্যাসের লিকেজ থেকে বিস্ফোরণের এ ঘটনা ঘটে থাকতে পারে।

বাড়িওয়ালার ছোটভাই কাওছার জানান, চলতি মাসে পরিবারটি ষষ্ঠ তলায় তিন রুমের একটি ফ্ল্যাট ভাড়া নিয়ে ওঠেন। গ্যাসের চুলার লিকেজ থেকে গ্যাস নির্গত হয়ে ওই ফ্লাটের বিভিন্ন রুমে তা জমাট বেঁধে থাকে। রাতে খাওয়ার পর পরিবারের কেউ সিগারেট অথবা মশার কয়েল জ্বালানোর উদ্দেশ্যে আগুন জ্বালালে মুহূর্তের মধ্যে বিস্ফোরণ ঘটে ঘরে আগুন ধরে যায়। এসময় অন্যান্য রুমেও ছড়িয়ে পড়ে।

এতে ওই পরিবারের পাঁচ সদস্য দগ্ধ হন। তাদের ডাক চিৎকারে বাড়ির অন্যান্য ফ্ল্যাটের বাসিন্দারা এসে আগুন নেভানোসহ দগ্ধদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে পাঠান।

নারায়ণগঞ্জ শহরের মণ্ডলপাড়া ফায়ার স্টেশনের স্টেশন অফিসার বেলাল হোসেন জানান, খবর পেয়ে মণ্ডলপাড়া ফায়ার স্টেশনের দুটি ইউনিট ঘটনাস্থলে যায়। তবে তার আগেই আগুন নিভিয়ে ফেলেন স্থানীয়রা।

আগুনে ওই ফ্ল্যাটের অধিকাংশ আসবাবপত্র পুড়ে যায়। এ ঘটনায় তদন্ত চলছে এবং দগ্ধদের ঢামেকের বার্ন ইউনিটে চিকিৎসা দেওয়া হচ্ছে বলে জানান ফায়ার সার্ভিসের ওই কর্মকর্তা।

চিত্রনায়ক শাহীন আলম লাইফ সাপোর্টে

‘স্বপ্নের নায়ক’ ছবিতে অমর নায়ক সালমান শাহর সঙ্গে অভিনয় করে আলোচনায় আসা চিত্রনায়ক শাহীন আলমের অবস্থা গুরুতর।
কিডনিজনিত জটিলতা দেখা দিলে গত সপ্তাহে তাকে রাজধানীর আজগর আলী হাসপাতালে ভর্তি করা হয়। ৬ মার্চ থেকে লাইফ সাপোর্টে আছেন শাহীন আলম। বিষয়টি নিশ্চিত করেছে শাহীন আলমের পরিবার।

শাহীন আলমের ছেলে ফাহিম নূর আলম গণমাধ্যমকে বলেন, ‘আগে থেকে বাবা

কিডনির সমস্যায় ভুগছিলেন। গত সোমবার তার জ্বর আসে। আর শনিবার তাকে হাসপাতালে নেওয়া হয়। বর্তমানে লাইফ সাপোর্টে আছেন তিনি।

প্রধানমন্ত্রীর সাহায্য চেয়ে অভিনেতার ছেলে ফাহিম আরও জানান, হাসপাতালে অনেক খরচ হচ্ছে রোজ। আমাদের এত খরচ করার সামর্থ্য নেই। আমরা প্রধানমন্ত্রীর সাহায্য কামনা করছি।

মঞ্চ নাটকের মাধ্যমে অভিনয়ের শুরু করেন শাহীন আলম। ১৯৮৬ সালের এফডিসির নতুন মুখের সন্ধানের মাধ্যমে চলচ্চিত্রে অভিনয় করার সুযোগ পান। তার প্রথম মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র ‘মায়ের কান্না’, যেটি ১৯৯১ সালে মুক্তি পেয়েছিল।

তার অভিনীত উল্লেখযোগ্য চলচ্চিত্রের মধ্যে রয়েছে- ঘাটের মাঝি, এক পলকে, গরিবের সংসার, তেজী, চাঁদাবাজ, প্রেম প্রতিশোধ, টাইগার, রাগ-অনুরাগ, দাগী সন্তান, বাঘা-বাঘিনী, আলিফ লায়লা, স্বপ্নের নায়ক, আঞ্জুমান, অজানা শত্রু, দেশদ্রোহী, প্রেম দিওয়ানা, আমার মা, পাগলা বাবুল, শক্তির লড়াই, দলপতি, পাপী সন্তান, ঢাকাইয়া মাস্তান, বিগবস, বাবা ও বাঘের বাচ্চা।

নারী সেজে গৃহকর্মীদের শুভেচ্ছা জানালেন চঞ্চল!

আন্তর্জাতিক নারী দিবসে গৃহকর্মীদের শুভেচ্ছা জানিয়েছেন জনপ্রিয় অভিনেতা চঞ্চল চৌধুরী।

সোমবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে একটি স্ট্যাটাস দেন চঞ্চল। সেখানে নারী সেজে একটি বিজ্ঞাপন চিত্রে অভিনয় করা একটি ছবিও পোস্ট করেন।

চঞ্চলের স্ট্যাটাসটি যুগান্তর পাঠকদের হুবহু তুলে দেওয়া হলো-

“বিশেষ একটি দিনে নারীর প্রতি শ্রদ্ধা আর ভালোবাসা…ব্যাপারটা অনেকটাই লোক দেখানো।

সামাজিক যোগাযোগমাধ্যমের কারণে খুব ঘটা করেই, এ রকম অনেক দিবসই পালিত হয়।

‘….বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর, অর্ধেক তার আনিয়াছে নারী, অর্ধেক তার নর’-এটা কি শুধুই কবিতার লাইন? নাকি আমাদের বোধে আর বিশ্বাসেও এই সত্যটা আছে?

বিশেষ একটি দিনে নয়…সারা বছরজুড়ে, ঘরে-বাইরে সকল ক্ষেত্রে নারীর সমঅধিকার প্রতিষ্ঠিত হোক…

করুনা নয়, যোগ্যতার বিচারে নারীর অগ্রযাত্রা অব্যহত থাকুক…

মাতৃরুপী সকল নারীই সৃষ্টির আদি ইতিহাস…”

স্ট্যাটাসের শেষে চঞ্চল লিখেছেন, তার পোস্ট করা ছবিটি একটি বিজ্ঞাপন চিত্রের। সেখানে তিনি নারী চরিত্রে অভিনয় করেছিলেন। চরিত্রটি ছিল গৃহকর্মীর।

তাই বিজ্ঞাপন চিত্রের এ ছবিটি দিয়ে চঞ্চল চৌধুরী নারী দিবসে সব গৃহকর্মীকে সম্মান ও ভালোবাসা জানিয়েছেন।

75
Shares
facebook sharing buttonmessenger sharing buttontwitter sharing buttonpinterest sharing buttonlinkedin sharing buttonprint sharing button

মঞ্চে বক্তব্য দেওয়া নিয়ে ২ আ.লীগ নেতার হাতাহাতি, আহত ১২

ফেনীর ৭ মার্চের অনুষ্ঠানে বক্তব্য দেওয়া নিয়ে ফেনীর সোনাগাজী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মেয়র খোকন ও ইউপি চেয়ারম্যান জহির উদ্দিন লিপটনের হাতিহাতির ঘটনা ঘটেছে।

এ সময় সাংবাদিক গাজী হানিফ, স্বেচ্ছাসেবক লীগ নেতা সাইফুল, সারোয়ার, ছাত্রলীগসহ ১২ জন আহত হয়েছেন।

রোববার রাতে সোনাগাজী জিরোপয়েন্টে এ ঘটনা ঘটে।

সোনাগাজী থানার ওসি সাজেদুল ইসলাম এ ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

দলীয় সূত্র ও থানা পুলিশ জানায়, ৭ মার্চের আলোচনাসভায় সোনাগাজী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মফিজুল হকের সভাপতিত্বে শুরু হয়। সভা চলাকালে উপজেলা চেয়ারম্যান জহির উদ্দিন লিপটন ও পৌর মেয়র রফিকুল ইসলামের বাকবিতণ্ডা ও হাতাহাতির ঘটনা ঘটে।

সোনাগাজী আওয়ামী লীগের সভাপতি মফিজুল হক যুগান্তরকে জানান, সভার শেষ দিকে বক্তব্য দেওয়ার জন্য উপজেলা চেয়ারম্যান লিপটনের নাম ঘোষণা করা হয়। এ সময় মেয়র খোকন ক্ষিপ্ত হয়ে লিপটনকে ধাক্কা দেয়। বিষয়টি টের পেয়ে উভয় গ্রুপের মধ্যে হাতাহাতি ও মিছিল-পাল্টা মিছিলের ঘটনা ঘটে। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনায় ১২ জন আহত হন।

সোনাগাজী থানার ওসি সাজেদুল ইসলাম ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, এ বিষয়ে থানায় এখনও লিখিত অভিযোগ কোনো পক্ষই দেয়নি। অভিযোগ পেলে ব্যবস্থা নেব।

উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মেয়র খোকন ঘটনাটি অস্বীকার করেছেন।

সোনাগাজী উপজেলা চেয়াম্যানের জহির উদ্দিন লিপটনের মোবাইলে বারবার যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি।

Shares
facebook sharing buttonmessenger sharing buttontwitter sharing buttonpinterest sharing buttonlinkedin sharing buttonprint sharing button

মমতাকে নিয়ে বিস্ফোরক মন্তব্য শ্রাবন্তীর

ভারতের শাসক দল বিজেপিতে যোগদান করেই পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে নিয়ে বিস্ফোরক মন্তব্য করে বসলেন টালিউডের জনপ্রিয় অভিনেত্রী শ্রাবন্তী।

রোববার এক টুইটবার্তায় অভিনেত্রী দাবি করেন, ‘নিজেদের টিকিয়ে রাখতে সব সময়ই ক্ষমতার অপব্যবহার করে থাকেন’ মমতা ও অভিষেক!

হিন্দুস্তান টাইমস জানিয়েছে, সম্প্রতি বিজেপিতে যোগ দিয়েছেন শ্রাবন্তী। ২০১৯ সালে লোকসভা ভোটের আগেও এ অভিনেত্রীর গেরুয়া শিবিরে নাম লেখানোর গুঞ্জন উঠেছিল। অবশেষে একুশের বিধানসভা ভোটের আগে পদ্মশিবিরে শ্রাবন্তী।

এ নায়িকার ব্যক্তিগত জীবন নিয়ে বিতর্কের শেষ নেই। এর মধ্যেই রাজনীতিতে যোগ দিয়ে সেই বিতর্ককে আরও খানিকটা বাড়িয়ে দিয়েছেন।

বিজেপিতে নাম লেখানোর পর থেকেই নানা সময়ে শাসকদলের নীতি-আদর্শ নিয়ে প্রশ্ন তুলেছেন শ্রাবন্তী। তবে এতদিন সরাসরি মমতা ব্যানার্জির বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ না করলেও গতকাল রোববার তাকে আক্রমণ করে বসেন শ্রাবন্তী।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ব্রিগেড সমাবেশের দিন টুইটারে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও তার ভাইপো অভিষেক ব্যানার্জিকে উদ্দেশ্য করে শ্রাবন্তী লেখেন, ‘বেশির ভাগ নেতা, মন্ত্রী ও সমর্থকরা তৃণমূল থেকে বেরিয়ে আসছে পিসি ও ভাইপো-র রাজনীতির জন্য। নিজেদের টিকিয়ে রাখতে সব সময়ই ক্ষমতার অপব্যবহার করে থাকে তারা দুজন।’